

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মেহমান নেওয়াযীর আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মেহমানের সাথে যদি কোন অনাহূত লোক অযাচিতভাবে আসে

মেহমানের সাথে যদি কোন অনাহূত লোক অযাচিতভাবে এসে যোগ দেয়, তাহলে তার ব্যাপারে মেযবানের কাছে অনুমতি নেওয়া জরুরী। এ ক্ষেত্রে ঐ বিনা দাওয়াতের অযাচিত লোকটির খাতির-তোয়ায করা মেযবানের জন্য ওয়াজেব নয়। বরং সে চাইলে ঐ ফাউ লোকটিকে অনুমতি নাও দিতে পারে।

একদা এক আনসারী আল্লাহর রাসুল (ﷺ) সহ পাঁচ জনকে দাওয়াত করলে রাস্তায় একটি লোক তাঁর সঙ্গ ধরে। তিনি সেই আনসারী সাহাবীর কাছে পৌঁছে বললেন, "তুমি আমাকে নিয়ে মোট পাঁচ জনকে দাওয়াত দিয়েছিলে। কিন্তু পথিমধ্যে এই লোকটি আমাদের সঙ্গ ধরে। এখন তুমি ওকে অনুমতি দিলে দিতে পার। নচেৎ বর্জন করলেও করতে পার।" আনসারী বললেন, 'বরং ওকে অনুমতি দিচ্ছি।'[1]

ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫৪৩৪, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৩৬, তিরমিযী হা/১০৯৯

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8030

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন